

• সামাজিক গবেষণার উদ্দেশ্য (Objectives of Social Research)

সামাজিক গবেষণার নানাবিধ উদ্দেশ্য থাকতে পারে। পি. ডি. ইয়ং সামাজিক গবেষণার চারটি প্রধান উদ্দেশ্য উল্লেখ করেছেন—

- (১) নানা সামাজিক সমস্যা সমাধানের লক্ষ্যে সামাজিক ঘটনাসমূহের কার্যকারণ সম্পর্ক অনুসন্ধান করা যা গবেষণা ছাড়া অনুমানের উপর ভিত্তি করে নির্ধারণ করা সম্ভব হয় না। তবে এ ক্ষেত্রে একথাও উল্লেখ করা প্রয়োজন যে সমস্ত সামাজিক গবেষণার উদ্দেশ্যই যে কোন সামাজিক সমস্যার তাৎক্ষণিক সমাধান নির্দেশ করা নয়।
- (২) সামাজিক গবেষণার অন্যতম উদ্দেশ্য নতুন তত্ত্ব, ধারণা এবং কৌশল নির্ধারণ করা। এই ভাবে সামাজিক গবেষণা মানবসমাজ ও তার কার্যপ্রক্রিয়া সম্বন্ধে যথাযথ বিজ্ঞানসম্মত জ্ঞান অর্জনে সহায়ক ভূমিকা পালন করে।
- (৩) সামাজিক গবেষণার উদ্দেশ্য হলো সমাজবন্ধ মানুষের আচরণ, সামাজিক প্রতিষ্ঠান এবং সম্পর্ক কাঠামো সহ সংশ্লিষ্ট সামাজিক প্রক্রিয়া সমূহকে উপলব্ধি করা। কোনো সামাজিক ঘটনাকে অনুধাবন করা, বোঝা, বিশ্লেষণ করা এবং ব্যাখ্যা করার প্রচেষ্টার মধ্যেই সামাজিক গবেষণার চেতনা নিহিত থাকে।
- (৪) সামাজিক গবেষণার সাধারণ উদ্দেশ্য হল মানুষের সামাজিক জীবনকে

উপলক্ষ করা, বিভিন্ন সামাজিক বিষয়ে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি মেনে তথ্য সংগ্রহ করা এবং এসবের ফলশ্রুতিতে সামাজিক গতিপ্রকৃতির ভবিষ্যৎ প্রবণতা সম্পর্কে ধারণা তৈরি করা। এসবের মাধ্যমে সামাজিক আচরণকে অধিক মাত্রায় নিয়ন্ত্রণ করতে সক্ষম হওয়া।

সাধারণভাবে সামাজিক গবেষণার উদ্দেশ্যসমূহকে নীচে সংক্ষিপ্তভাবে উল্লেখ করা

হল—

- সমাজজীবনের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন। সমাজে মানুষের পারস্পরিক সম্পর্ক ও আচরণ ও সামাজিক প্রতিটানের সঙ্গে তার আন্তঃক্রিয়া অধ্যয়ন করা।
 - সামাজিক সমস্যা, সমাজে তার প্রভাব এবং সম্ভাব্য সমাধানের গবেষণা ভিত্তিক মূল্যায়ন।
 - সামাজিক বাস্তবতা (Social reality) উদ্ঘাটন এবং মানুষের সামাজিক জীবনের ব্যাখ্যা বিশ্লেষণ।
 - সামাজিক তত্ত্বের যথার্থতা যাচাই ও তত্ত্বের উন্নতি সাধন।
 - সামাজিক নীতি সমূহের উন্নতি সাধনও গবেষণা পরিচালনার অন্যতম উদ্দেশ্য।
 - সামাজিক কর্মসূচির মূল্যায়ন এবং সামাজিক পরিকল্পনার পুনর্নির্মাণও গবেষণা পরিচালনার অন্যতম উদ্দেশ্য।
 - নির্ভরযোগ্য এবং বৈধ তথ্যনির্ভর প্রমাণের সাহায্যে মানুষের সমাজজীবনের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন করা।
 - সামাজিক গতিপ্রকৃতি সম্পর্কে অবহিত হওয়া এবং সামাজিক পরিবর্তনের সম্ভাব্য ফলাফল সম্পর্কে ধারণা করা।
 - বিদ্যমান সামাজিক সমস্যা সম্পর্কে নতুন নতুন তথ্য সংগ্রহ করা, এ সম্পর্কিত অজানা বিষয় নিয়ে নতুন জ্ঞান আহরণ করা এবং বিজ্ঞানভিত্তিক পদ্ধতি অবলম্বন করে তা সাধারণীকরণের প্রচেষ্টা করা।
 - রহস্যাবৃত সামাজিক ঘটনাসমূহের রহস্য ও সত্য উদ্ঘাটন করা।
 - সামাজিক গবেষণায় অনুসরণযোগ্য নীতিমালা (Code of Ethics in Social Research)
- সামাজিক গবেষণায় অনুসরণযোগ্য নীতিমালি নীচে সংক্ষিপ্তভাবে উল্লেখ করা হল—
- সামাজিক গবেষণায় উত্তরদাতাদের অংশগ্রহণ বাধ্যতামূলক নয়; এই অংশগ্রহণ স্বেচ্ছামূলক ও স্বতঃস্ফূর্ত।
 - সামাজিক গবেষণা প্রক্রিয়ায় কোনো ভাবেই উত্তরদাতাদের ব্যক্তিগতভাবে ক্ষতিগ্রস্ত করা যাবে না।

- ▷ গবেষককে গবেষণা পরিচালনায় পক্ষপাতহীন এবং নৈর্ব্যক্তিক হতে হবে।
- ▷ সততা (Integrity) সামাজিক গবেষণা পরিচালনার ক্ষেত্রে অন্যতম নীতি।
- ▷ তথ্যপ্রদানকারী ব্যক্তির ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করা (Privacy), নাম গোপন রাখা (Anonymity) এবং সার্বিক গোপনীয়তা রক্ষা করা (Confidentiality) বা PAC সামাজিক গবেষণায় গুরুত্বপূর্ণ সাধারণ নীতি হিসেবে গণ্য করা হয়।
- ▷ গবেষণা সংক্রান্ত যাবতীয় জিঞ্জাসার যথাযথ উত্তর দিয়ে তথ্যপ্রদানকারী ব্যক্তির উদ্বেগ ও দুশ্চিন্তা দূর করা সামাজিক গবেষণা পরিচালনার অন্যতম নীতি।
- ▷ তথ্য প্রদানকারী ব্যক্তির আত্মসম্মান এবং মর্যাদার কোনোভাবেই যাতে হানি না হয় তা নিশ্চিত করা সামাজিক গবেষণা পরিচালনার গুরুত্বপূর্ণ নীতি।
- ▷ সামাজিক গবেষণা পরিচালনায় তথ্য প্রদানকারী ব্যক্তিকে সম্পূর্ণভাবে নিশ্চয়তা প্রদান করতে হবে।